

🗏 আত-তারিক | At-Tariq | ٱلطَّارق

আয়াতঃ ৮৬: ১৬

💵 আরবি মূল আয়াত:

وَّ اَكِيدُ كَيدًا ﴿١۶﴾

আর আমিও ভীষণ কৌশল করছি। — আল-বায়ান

আর আমিও (তাদের অন্যায় ধ্বংসাত্মক ষড়যন্ত্র ভন্তুল করার) কৌশল করছি। — তাইসিরুল

আর আমিও ভীষণ কৌশল করি। — মুজিবুর রহমান

But I am planning a plan. — Sahih International

১৬. এবং আমিও ভীষণ কৌশল করি।(১)

(১) অর্থাৎ এদের কোন অপকৌশল লাভে কামিয়াব না হয় এবং অবশেষে এরা ব্যর্থ হয়ে যায় সে জন্য আমিও কৌশল করছি। আমি তাদেরকে এমনভাবে ছাড় দিচ্ছি যে তারা বুঝতেই পারছে না। [ফাতহুল কাদীর]

তাফসীরে জাকারিয়া

১৬। এবং আমিও ভীষণ কৌশল করি। [1]

[1] অর্থাৎ, আমি তাদের চালাকি এবং চক্রান্ত সম্বন্ধে উদাসীন নই। আমিও তাদের বিরুদ্ধে কৌশল অবলম্বন করি কিংবা তাদের চক্রান্তকে প্রতিহত করি। کیک গোপনে কৌশল অবলম্বন করাকে বলা হয়। এই কৌশল মন্দ উদ্দেশ্য হলে তা মন্দ চক্রান্ত এবং ভাল উদ্দেশ্যে হলে তা নিন্দনীয় কৌশল নয়।

তাফসীরে আহসানুল বায়ান

Source — https://www.hadithbd.com/quran/link/?id=5947

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন